গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
www.plandiv.gov.bd

২০২০-২১ অর্থ-বছরের ইনোভেশন টিমের ৫ম সভার কার্যবিবরণী।

সভার তারিখঃ ২৭ মে, ২০২১ খ্রিঃ
সময়ঃ বিকাল ৩.৩০ ঘটিকা
সভাঃ জুম সভা
সভাপতিঃ জনাব মোঃ দেলোয়ার হোসেন, অতিরিক্ত সচিব (বাজেট) ও চীফ ইনোভেশন অফিসার, পরিকল্পনা বিভাগ।

১.০০ জুম সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'।

২.০০ সভাপতি সভায় আগত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা) সভাকে জানান যে, উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর কার্যক্রম ২.১ অনুসারে ইনোভেশন টিমের ৬ টি সভা আয়োজনের নির্দেশনা আছে। সে আলোকে অদ্য পরিকল্পনা বিভাগের ইনোভেশন টিমের ৫ম সভা আয়োজন করা হয়েছে। তিনি আরও অবহিত করেন যে, পরিকল্পনা বিভাগের গৃহীত ইনোভেটিভ আইডিয়াটির বাস্তবায়ন অগ্রগতি আশাব্যঞ্জক নয়। তবে একটি ডিজিটাল সেবা বাস্তবায়ন ও ১ টি সেবা সহজীকরণ কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক। খুব শিঘ্রই সেবাটির সুফল পাওয়া যাবে।

৩.০০ চলতি অর্থ-বছরের ইনোভেটিভ আইডিয়ার বিষয়ে তিনি সভায় উপসচিব (এসএসআরসি) কে "পরিকল্পনা মন্ত্রণালয় চত্বরের সার্বিক মানচিত্র স্থাপন" প্রকল্পটির অগ্রগতি জানানোর জন্য অনুরোধ জানান। এ বিষয়ে উপসচিব (এসএসআরসি) জানান নির্ধারিত সময়ের মধ্যে এনালগ মানচিত্র সম্ভব কিন্তু ডিজিটাল মানচিত্র বাস্তবায়ন চলতি অর্থবছরে সম্ভব হচ্ছে না।

৪.০০ ইনোভেশন টিমের ৪র্থ সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি:

সিদ্ধান্তসমূহ	বাস্তবায়ন অগ্রগতি
(ক) উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর কর্মসম্পাদন সূচক ১৫.১.১ অনুসারে পরিকল্পনা বিভাগের অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন আগামী ৩০/০১/২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে;	ক) পরিকল্পনা বিভাগের অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন গত ২৭/০১/২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।
(খ) আগামী ফেব্রুয়ারি/২১ মাসের মধ্যে সেবা সহজিকরণ বিষয়ে ১ দিনের একটি কর্মশালা/সেমিনারের আয়োজন করতে হবে;	খ) গত ০৩/০৩/২০২১ তারিখে কর্মশালাটি আয়োজন করা হয়েছে।
(গ) উদ্ভাবনী উদ্যোগটির শিরোনাম সংশোধনপূর্বক আগামী ০১/০৩/২১ তারিখের মধ্যে পাইলটিং বাস্তবায়ন করতে হবে;	গ) ইতোপূর্বে গৃহীত ইনোভেটিব আইডিয়াটির পরিবর্তে বর্তমানে "পরিকল্পনা মন্ত্রণালয় চত্বরের সার্বিক মানচিত্র স্থাপন" আইডিয়াটি গ্রহণ করা হয়েছে।
(ঘ)উদ্ভাবনী গ্রুপের সদস্যদের দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজশেয়ারিং প্রোগ্রামের জন্য যুগ্মসচিব (এপিএ) সংশ্লিষ্ট গ্রুপের সাথে আলোচনাক্রমে কর্ম-পরিকল্পনা প্রণয়ন করবে।	ঘ) উদ্ভাবনী গ্রুপের সদস্যদের দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজশেয়ারিং প্রোগ্রাম আয়েজনের জন্য যুগ্মসচিব (এপিএ) মহোদয় সংশ্লিষ্ট গ্রুপের সাথে লকডাউনের পূর্বে আলোচনা করেন। তবে করোনা আক্রান্তের হার বৃদ্ধি পাওয়ায় দেশে শিক্ষা সফর আয়োজন করা সম্ভব হচ্ছে না।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য:

৫.০০ সিনিয়র সহকারী সচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা) সভাকে জানান যে, পরিকল্পনা বিভাগের উদ্ভাবন কর্মপরিকল্পনার ৩৪ টি কর্মসম্পাদন সূচকের মধ্যে নিম্নোক্ত ১৩ টি কর্মসম্পাদন সূচক বাস্তবায়ন হয়নি। অবশিষ্ট ২১ টি কর্মসম্পাদন সূচক চলমান আছে। অর্থ বছরের অবশিষ্ট সময়ের মধ্যে সবগুলো সম্পাদিত হওয়ার সম্ভাবন নেই।

যে সকল সূচক সম্পাদিত হয় নি:

সূচক	বিষয়	মন্তব্য
৪.১	উদ্ভাবন বিষয়ে ১ দিনের কর্মশালা/সেমিনার।	
৬.২	উদ্ভাবনী উদ্যোগ পাইলটিং বাস্তবায়ন মূল্যায়ন।	
৭.১	উদ্ভাবন প্রদর্শন/সোকেসিং আয়োজন।	
৭.২	শ্রেষ্ট উদ্ভাবনী উদ্যোগ নির্ধারণ।	
৮.১	উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক/জাতীয় পর্যায়ে বাস্তবায়ন।	
৯.১	উদ্ভাবকগণকে পুরস্কার/সনদ প্রদান।	
৯.২	উদ্ভাবকগণকে দেশে শিক্ষা সফর	
৯.৩	উদ্ভাবকগণকে বিদেশে সফর/প্রশিক্ষণ	
১০.১	বছর ভিত্তিক উদ্ভাবনের সকল তথ্য হালনাগাদ।	
১০.২	বছর ভিত্তিক সেবা সহজীকরণ আপলোড/হালনাগাদকরণ	
১০.৩	বাস্তবায়িত ডিজিটাল সেবার তথ্য আপলোড/হালনাগাদ।	
১২.২	সেবা সহজীকরণ বা বাস্তবায়নে চূড়ান্ত অফিস আদেশ জারী।	
১৪.১	বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্ট তৈরি ও প্রকাশ।	

উল্লিখিত অসমাপ্ত কর্মসম্পাদন সূচকের মধ্যে ৯ টি কর্মসম্পাদন সূচক সরাসরি উদ্ভাবনের সাথে সম্পৃক্ত। এ বিষয়ে উক্ত গ্রুপের গ্রুপ লিডার সভাকে জানান যে বিদ্যমান কোভিডের কারণে অগ্রগতি সন্তোষজনক নয়। তবে ম্যানুয়ালি মানচিত্র তৈরা করা হলে সহজে করা যাবে এবং এ বাবদ প্রায় ৬০.০০ হাজার টাকার ব্যয় হবে। ডিজিটাল মানচিত্র স্থাপনের জন্য একটু বেশি সময় ও ব্যয় প্রায় ২.০০ লক্ষ টাকা প্রয়োজন হবে। এক্ষেত্রে উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক এটি বাস্তবায়ন করা যেতে পারে।

৬.০০ এনএপিডির উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি নিম্নরুপ:

(ক) ইনোভেশন টিমের ৬ টি সভার মধ্যে ৫ টি সভা অনুষ্ঠিত হয়েছে। আরও ১ টি সভা অনুষ্ঠিত হবে।
(খ) ইনোভেশন টিমের সভায় গৃহীত প্রায় ৯০% সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে অবশিষ্ট বাস্তবায়ন প্রক্রিয়াধীন।
(গ) সেবা সহজিকরণ সক্ষমতা বৃদ্ধি' এবং 'উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধি'র লক্ষ্যে দুটি দুই দিনের প্রশিক্ষণ যথাক্রমে গত ১৯-২০ মে ২০২১ এবং ২৩-২৪ মে ২০২১ তারিখে আয়োজিত হয়েছে।
(ঘ) ডিজিটাল সেবার তিন (০৩) বছরের হালনাগাদকৃত তথ্য ২৮ এপ্রিল ২০২১ তারিখে আপলোড করা হয়েছে।

৭.০০ বিআইডিএস এর উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি নিম্নরুপ:

(ক) চলতি ২০২০-২১ অর্থবছরে বিআইডিএস এর উদ্ভাবন কর্মপরিকল্পনার ৩৩ টি কর্মসম্পাদন সূচক রয়েছে।
(খ) এ পর্যন্ত ১৩ টি কর্মসম্পাদন সূচক সম্পন্ন এবং ৪ টি কর্মসম্পাদন সূচক আংশিক বাস্তবায়িত হয়েছে।
(গ) এর মধ্যে একটি ন্যূনতম ডিজিটাল সেবা তৈরি বাস্তবায়ন ও সেবা পদ্ধতি সহজিকরণ পাইলটিং বাস্তবায়ন হয়েছে।
(ঘ) উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নে কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।
(ঙ) উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/সেমিনার আয়োজন করা হয়েছে।
(চ) উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধির জন্য ২ দিনের প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।
(ছ) অবশিষ্ট কর্মসম্পাদন সূচকের বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য:

৮.০০ বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ক) পরিকল্পনা বিভাগের গৃহীত ইনোভেটিভ আইডিয়া "পরিকল্পনা মন্ত্রণালয় চত্বরের সার্বিক মানচিত্র স্থাপন" প্রকল্পটি যথাসময়ে বাস্তবায়ন করতে হবে;

(খ) চলতি অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পনার যে সকল কর্মসম্পাদন সূচক বাস্তবায়ন হয়নি সে সকল কর্মসম্পাদন সূচক যথাসময়ে বাস্তবায়ন করতে হবে;

(গ) আওতাধীন দপ্তর/সংস্থা এনএপিডি এ বিআইডিএস এর ইনোভেশন কর্মপরিকল্পনার যে সকল কর্মসম্পাদন সূচক বাস্তবায়ন হয়নি সে সকল কর্মসম্পাদন সূচক যথাসময়ে বাস্তবায়ন করতে হবে;

৯.০০ অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
৩০-০৫-২১

(মো: দেলোয়ার হোসেন)
অতিরিক্ত সচিব (বাজেট)
ও
চীফ ইনোভেশন অফিসার
পরিকল্পনা বিভাগ

১৬ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ

নং-২০.০০.০০০০.৩২৮.৩৪.০০২.২০-**১৫৫** তারিখঃ ৩০ মে, ২০২১ খ্রিষ্টাব্দ

বিতরণঃ

১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, পরিবহনপুল ভবন, ঢাকা।
২. যুগ্মসচিব, (এপিএ/পরিকল্পনা), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৩. যুগ্মপ্রধান সমন্বয় (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা।
৪. উপসচিব, (এসএসআরসি/ কর্মসম্পাদন ব্যবস্থাপনা), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৫. পরিচালক (প্রঃ ও অঃ), জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, নীলক্ষেত, ঢাকা।
৬. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৭. সিনিয়র সহকারী সচিব, আইন শাখা/সাধারণ শাখা-১/প্রটোকল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৮. সচিব, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২. সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা **(কার্যবিবরনীটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।**
৩. অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা,পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৪. যুগ্মসচিব (বাজেট)মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা,পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৫. অফিস কপি

৩০/০৫/২০২১
(এ.এস.এম লুৎফুল হাবিব)
গবেষণা কর্মকর্তা
ফোনঃ ৪৮১১২০৫৮
E-mail: ro.pms@plandiv.gov.bd

E:\Innovation 20-21\minuties -2020-21.docx